



মোটরযানে রেট্রো-রিফ্লেক্টিভ নম্বরপ্লেট ও আরএফআইডি ট্যাগ সংযোজন প্রক্রিয়া



- মোটরযানের রেট্রো-রিফ্লেক্টিভ নম্বরপ্লেট ও আরএফআইডি ট্যাগ প্রস্তুত হওয়ার পর সংশ্লিষ্ট মোটরযান মালিকের মোবাইলে উক্ত নম্বরপ্লেট সংযোজনের বিষয়ে অনুরোধ জানিয়ে এসএমএস প্রেরণ;
- ঢাকা মেট্রো ও চট্ট মেট্রো সার্কেল অফিসে নিম্নোক্তভাবে অ্যাপয়েন্টমেন্ট গ্রহণ করে নির্ধারিত তারিখ ও সময়ে নম্বরপ্লেট সংযোজনের জন্য সংশ্লিষ্ট সার্কেল অফিসে মোটরযান উপস্থিতি নিশ্চিতকরণ:

মোবাইলের মেসেজ অপশনে গিয়ে NP<space>A<space>Date লিখে 26969 নম্বরে প্রেরণ করতে হবে। যেমন: আপনার পছন্দ অনুযায়ী ১১ ফেব্রুয়ারি তারিখের জন্য অ্যাপয়েন্টমেন্ট গ্রহণ করতে চাইলে টাইপ করতে হবে NP A 11 এবং 26969 নম্বরে প্রেরণ করতে হবে। উল্লেখ্য যে, মোবাইল মেসেজের (পছন্দ তারিখ) ক্ষেত্রে মাস, বছর লেখার প্রয়োজন নাই। প্রযোজ্য ফি জমা প্রদানের সময় যে মোবাইল নম্বর ব্যবহার করা হয়েছে সে নম্বর থেকে মেসেজ পাঠাতে হবে। ফিরতি এসএমএস এ রেট্রো-রিফ্লেক্টিভ নম্বরপ্লেট ও আরএফআইডি ট্যাগ সংযোজনের তারিখ ও সময় প্রাপ্তির পর নিম্নোক্ত কাগজপত্রাদিসহ উপস্থিত থাকতে হবে:

ব্যক্তি মালিকানাধীন মোটরসাইকেল:

- রেজিস্ট্রেশন সনদ/প্রাপ্তিস্বীকার রশিদের মূলকপি ও A4 সাইজের ফটোকপি;
 - মোটরসাইকেল মালিকের জাতীয় পরিচয় পত্র/ড্রাইভিং লাইসেন্সের মূলকপি ও A4 সাইজের ফটোকপি;
- মন্তব্য: মোটরসাইকেলের মূল মালিকের উপস্থিতি ব্যতীত মোটরসাইকেলে রেট্রো-রিফ্লেক্টিভ নম্বরপ্লেট ও আরএফআইডি ট্যাগ সংযোজন করা হয়না।

প্রতিষ্ঠানের মালিকানাধীন মোটরসাইকেল:

- রেজিস্ট্রেশন সনদ/প্রাপ্তি স্বীকার রশিদের মূলকপি ও A4 সাইজের ফটোকপি;
- প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে মনোনীত প্রতিনিধির নাম ও পদবি;
- মনোনীত প্রতিনিধির জাতীয় পরিচয় পত্র/পাসপোর্ট/ড্রাইভিং লাইসেন্সের মূলকপি ও A4 সাইজের ফটোকপি।

হালকা, মাঝারী ও ভারী মানের মোটরযান (ব্যক্তি মালিকানাধীন):

- রেজিস্ট্রেশন সনদ/প্রাপ্তি স্বীকার রশিদের মূলকপি ও A4 সাইজের ফটোকপি;
- মোটরযান মালিকের জাতীয় পরিচয় পত্র/ড্রাইভিং লাইসেন্সের মূলকপি ও A4 সাইজের ফটোকপি।

হালকা, মাঝারী ও ভারী মানের মোটরযান (প্রতিষ্ঠানের মালিকানাধীন):

- রেজিস্ট্রেশন সনদ/প্রাপ্তি স্বীকার রশিদের মূলকপি ও A4 সাইজের ফটোকপি;
- প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে মনোনীত প্রতিনিধির নাম ও পদবি;
- মনোনীত প্রতিনিধির জাতীয় পরিচয় পত্র/ড্রাইভিং লাইসেন্সের মূলকপি ও A4 সাইজের ফটোকপি।

বিআরটিএ ঢাকা মেট্রো ও চট্ট মেট্রো সার্কেল অফিস ব্যতীত অন্যান্য সার্কেল অফিসে রেট্রো-রিফ্লেক্টিভ নম্বরপ্লেট ও আরএফআইডি ট্যাগ সংযোজনে অ্যাপয়েন্টমেন্ট গ্রহণের কোনো প্রয়োজন নেই। মোবাইলে এসএমএস প্রাপ্তির পর মোটরযান হাজির ও উপরে বর্ণিত কাগজপত্রাদি প্রদর্শন সাপেক্ষে রেট্রো-রিফ্লেক্টিভ নম্বরপ্লেট ও আরএফআইডি ট্যাগ মোটরযানে সংযোজন করে দেয়া হয়।

কল সেন্টার (১৬১০৭) অথবা ০১৭৫৫৬১৫৯২৬ নম্বরে কল করে সহযোগিতা গ্রহণের জন্য অনুরোধ করা হলো